

পাসপোর্ট অফিস পরিদর্শনে উত্তরের মেয়র আনিসুল হক

✍ কালের কণ্ঠ অনলাইন



অ +

অ -



রাজধানী ঢাকার আগারগাঁও পাসপোর্ট অফিস পরিদর্শনে এসেছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক। আজ রবিবার সকালে পাসপোর্ট অফিসে আসেন আনিসুল হক। বাংলাদেশ ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের মহাপরিচালক (ডিজি) ব্রিগেডিয়ার জেনারেল মো. মাসুদ রেজওয়ান এ সময় উপস্থিত আছেন। উত্তরের মেয়র নতুন পাসপোর্ট করা, নবায়ন ও অন্যান্য কাজে আসা মানুষের হয়রানি দূর করা, দালালের নিয়ন্ত্রণ ও দুর্ভোগ থেকে মুক্তিসহ পুরো পাসপোর্ট অফিসকে দালালমুক্ত করতে বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে জানছেন এবং এসব বিষয়ে দিক-নির্দেশনা দিচ্ছেন।

পাসপোর্ট অধিদপ্তরের নতুন ডিজি ব্রিগেডিয়ার জেনারেল মো. মাসুদ রেজওয়ান মেয়রকে জানিয়েছেন, এ অফিস এখন সিংহভাগ দালালমুক্ত।

তাদের সে দাপট আর নেই। তবে যেসব দালাল চুপিসারে তাদের কাজ সারার চেষ্টা চালান, আমরা দেখলেই তাদের আটক করে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হাতে তুলে দিই। মাসুদ রেজওয়ান জানান, তাদের এমআরপি ও এমআরভি প্রকল্পের কাজও প্রায় শেষ পর্যায়ে।

ডিজি জানান, পাসপোর্ট আবেদনকারীর নাম-ধামসহ প্রয়োজনীয় তথ্য দিয়ে প্রতিদিন ১৬/১৭ হাজার পাসপোর্ট প্রিন্ট করা হচ্ছে।